

বাসাইলে এখনো বই পায়নি মাদ্রাসা শিক্ষার্থীরা

■ বাসাইল (টাসাইল) সংবাদদাতা
নতুন বছরের শুরুতে বই পৌঁছানোর
কথা থাকলেও উপজেলার মাধ্যমিক
স্তরের মাদ্রাসা শিক্ষার্থীরা এখনো
প্রয়োজনীয় বই পায়নি। ফলে
উপজেলার কোন মাদ্রাসাই চলতি
বর্ষের শিক্ষাদান প্রক্রিয়া চালু করতে
পারেনি। এদিকে বই না পেয়ে হতাশ
অনেক শিক্ষার্থী মাদ্রাসা ছেড়ে অন্য
শিক্ষা প্রতিষ্ঠানে চলে যাচ্ছে বলে জানা
গেছে।

জানা যায়, বছরের শুরুতেই
উপজেলার ২৫টি মাধ্যমিক স্কুলের
সকল বিষয়ে প্রায় শতভাগ নতুন বই
শিক্ষার্থীদের হাতে তুলে দেয়া হলেও
১১ মাদ্রাসার মাধ্যমিক স্তরের
শিক্ষার্থীদের জন্য নতুন বই পাওয়া
যায়নি। ফলে এসব শিক্ষার্থীদের মধ্যে
চরম হতাশা দেখা দিয়েছে। এ
ব্যাপারে উপজেলা মাদ্রাসা শিক্ষক
সমিতির সভাপতি অধ্যক্ষ হানিফ
উদ্দিন খান বলেন, শিক্ষার্থীদের হাতে
ক্রম নতুন বই তুলে দিতে না পারলে
শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়ার আশঙ্কা

রয়েছে। নতুন বইয়ের ব্যাপারে
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্তৃকর্তা
মুজিবুল আহসান বলেন, উপজেলার
মাদ্রাসাগুলোর জন্য প্রায় সাড়ে ২৫
হাজার সেট বইয়ের চাহিদা থাকলেও
মাত্র এক বিষয়ের কিছু বই শিক্ষার্থীদের
হাতে পৌঁছানো সম্ভব হয়েছে।